



মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড
বরিশাল

www.barisalboard.gov.bd



স্মারক নং বশিবো/কলেজ/অনুঃ/২০২২/১৪৫৭

তারিখ: ০৩/০৮/২০২২

বিষয় : স্বীকৃতি নবায়ন

সূত্র : কলেজের স্মারক নং- জে,সি,নং ২৭২৭/২২, তারিখ : ২৫/০৭/২০২২

উপর্যুক্ত বিষয় ও সূত্রের প্রেক্ষিতে নির্দেশক্রমে জানাচ্ছি যে, সরকারি জনতা কলেজ, ডাক: দুমকি, উপজেলা: দুমকি, জেলা: পটুয়াখালী-এর উচ্চমাধ্যমিক পর্যায়ে নিম্নবর্ণিত শাখা ও বিষয়সমূহের স্বীকৃতি মেয়াদ ০১/০৭/২০২২ থেকে ৩০/০৬/২০২৫ তারিখ পর্যন্ত বৃদ্ধি করা হলো।

স্বীকৃতির সময়সীমা অতিক্রান্ত হওয়ার পর পুনরায় স্বীকৃতি নবায়ন করা না হলে উক্ত স্বীকৃতি স্বয়ংক্রীয়ভাবে বাতিল হয়ে যাবে এবং এতদসংক্রান্ত যাবতীয় কার্যাবলী পরিচালনা থেকে বারিত হবে।

| শাখা | বিষয় |
|-------------------------|--|
| ১। সকল শাখার জন্য | : বাংলা ও ইংরেজি এবং তথ্য ও যোগাযোগ প্রযুক্তি। |
| ২। নৈর্ব্যচনিক বিষয় | : |
| ক) মানবিক শাখা | : পৌরনীতি ও সুশাসন, সমাজকর্ম, ইতিহাস, অর্থনীতি, ইসলামের ইতিহাস ও সংস্কৃতি সমাজ বিজ্ঞান, ইসলাম শিক্ষা, যুক্তিবিদ্যা এবং কৃষিশিক্ষা |
| খ) ব্যবসায় শিক্ষা শাখা | : হিসাব বিজ্ঞান, ব্যবসায় সংগঠন ও ব্যবস্থাপনা এবং উৎপাদন ব্যবস্থাপনা ও বিপণন। |
| গ) বিজ্ঞান শাখা | : পদার্থ বিজ্ঞান, রসায়ন, জীববিজ্ঞান এবং উচ্চতর গণিত |

শর্তাবলী

- ০১। প্রতি শিক্ষাবর্ষে প্রতি বিষয়ে ন্যূনতম ২৫(পঁচিশ) জন করে ছাত্র-ছাত্রী ভর্তি করতে হবে এবং এর ৫০% পাস করতে হবে।
- ০২। কলেজের শিক্ষার মান আরো উন্নত করতে হবে এবং পাবলিক পরীক্ষার পাসের হার বৃদ্ধি করতে হবে।
- ০৩। কলেজের আসবাবপত্র বৃদ্ধি করাসহ প্রয়োজনীয় যন্ত্রপাতি ক্রয় করতে হবে।
- ০৪। টিউটোরিয়াল ক্লাস ও পরীক্ষার ব্যবস্থা করতে হবে এবং লিখিত রেকর্ডপত্র সংরক্ষণ করতে হবে।
- ০৫। কলেজে আলাদা গ্রন্থাগার নির্মাণ করে তাতে প্রয়োজনীয় সংখ্যক পাঠ্যপুস্তক ও সাহায্যকারী পুস্তক-এর সংখ্যা বাড়াতে হবে।
- ০৬। জরুরী ভিত্তিতে বাৎসরিক ক্লাস রুটিন দাখিল করতে হবে।
- ০৭। সর্বশেষ বিধি মোতাবেক শিক্ষক-কর্মচারীদের কলেজে উপস্থিতি নিশ্চিত করতে হবে।
- ০৮। শিক্ষা বোর্ড কর্তৃপক্ষ কর্তৃক যে কোন সময়ে কলেজটি আকস্মিক পরিদর্শনের নিমিত্তে প্রস্তুত থাকতে হবে।
- ০৯। কলেজের সংরক্ষিত ও সাধারণ তহবিলে কাম্য পরিমাণ অর্থ সংরক্ষণ করতে হবে।
- ১০। বোর্ড কর্তৃপক্ষ যেকোন সময় স্বীকৃতি প্রত্যাহার বা স্থগিত করতে পারবে।

চেয়ারম্যান মহোদয়ের নির্দেশক্রমে

ড. মো: লিয়াকত হোসেন # ৯৫১১

কলেজ পরিদর্শক
মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড
বরিশাল

ফোন : ০৪৩১-৬৪৭৪৫
মোবাইল: ০১৭১৫৭১৪২৩৬
gmail : driaquate@gmail.com

অধ্যক্ষ

সরকারি জনতা কলেজ

ডাক : দুমকি, উপজেলা : দুমকি

জেলা : পটুয়াখালী।

সদয় অবগতি ও কার্যার্থে অনুলিপিঃ

২। মহাপরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর, বাংলাদেশ, ঢাকা

৩। সংরক্ষণ নথি